গ্রামীণ ব্যাংক

প্রধান কার্যালয়, মিরপুর-২, ঢাকা-১২১৬।

**আবেদনের সময় সীমা বৃদ্ধি**

# নিয়োগ বিজ্ঞপ্তি

গ্রামীণ ব্যাংক প্রশিক্ষণ প্রকল্পে নিম্নোক্ত পদ সমূহে অস্থায়ীভাবে লোক নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে। আবেদনকারী প্রার্থীদেরকে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে বাংলাদেশের যে-কোনো স্থানে কাজ করতে আগ্রহী হতে হবে।

| ক্র: নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বয়স |
|---|---|---|---|
| ১ | **শিক্ষানবিস অফিসার** | প্রার্থীদেরকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে চার বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী/তিন বছরের স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সকল পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না।<br>**গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের পূর্বের প্রথম ও দ্বিতীয় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে:**<br>(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে:<br>জিপিএ ৩.৫০ বা তদূর্ধ্ব — প্রথম বিভাগ<br>ন্যূনতম জিপিএ ৩.০০ — দ্বিতীয় বিভাগ<br>(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে:<br>অর্জিত সিজিপিএ: ৪.০০ পয়েন্ট স্কেলে / ৫.০০ পয়েন্ট স্কেলে — সমতুল্য শ্রেণী/বিভাগ<br>৩.০০ বা তদূর্ধ্ব / ৩.৭৫ বা তদূর্ধ্ব — প্রথম বিভাগ/শ্রেণী<br>২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম / ২.৮১ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম — দ্বিতীয় বিভাগ/শ্রেণী | ০৮-১২-২০২৪ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। |
| | **বেতন স্কেল (২০১৫)** | ৯ম গ্রেড: ২২০০০-৫৩০৬০ টাকা। | |
| ২ | **শিক্ষানবিস কেন্দ্র ব্যবস্থাপক** | এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে। | ০৮-১২-২০২৪ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। |
| | **বেতন স্কেল (২০১৫)** | ১৫তম গ্রেড: ৯৭০০-২৩৪৯০ টাকা। | |

| | |
|---|---|
| **আবেদন ফি জমাদানের নিয়মাবলী** | আবেদন ফি এর পরিমাণ: ২০০/- (দুইশত) টাকা মাত্র। (অফেরতযোগ্য)<br>Rocket App Login > Select (Bill Pay) > Select Biller ID-5566 > Enter Bill Number (Applicant's Mobile No) > Select Self/Others > Select Others > Enter Applicant's Mobile No > Amount:200tk > Enter PIN > Send > Save Transaction ID<br>** এছাড়াও *৩২২# ডায়াল করেও ডাচবাংলা ব্যাংক মোবাইল একাউন্ট (Rocket) এর মাধ্যমে ফি প্রদান করা যাবে।<br>* আপনার আবেদন ফি পরিশোধিত হলে তাৎক্ষনিকভাবে নিশ্চিতকরণ এসএমএস পাবেন। |
| **আবেদন পদ্ধতি** | ক) আবেদনকারী প্রার্থীদেরকে ১০-১২-২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট-এর মধ্যে রিক্রুটমেন্ট পেজ http://gbrecruit.ghrmplus.com এ গিয়ে Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনে স্বাক্ষর জেপিজি ফরমাটে সর্বোচ্চ ২০ কেবি হতে হবে।<br>খ) প্রার্থীদেরকে অনলাইনে আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক পরীক্ষার দিন অনলাইনে আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ মূল সনদ/প্রত্যয়নপত্রসহ একসেট সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-(জেপিজি ফরমাটে সর্বোচ্চ ১০০ কেবি হতে হবে) যা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে, মূল সনদ/প্রত্যয়নপত্রগুলো দেখে ফেরত দেয়া হবে। অনলাইন আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো ত্রুটি ধরা পড়লে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। তাছাড়া মেধাতালিকা প্রস্তুতকালে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না। |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ক) নিয়োগ প্রাপ্ত **শিক্ষানবিস অফিসারগণ** গ্রামীণ ব্যাংক প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় এক বছর (২টি পর্ব) প্রশিক্ষণে থাকবেন। প্রথমপর্বে মাসিক ১৩,০০০ টাকা (স্থিরকৃত) হারে এবং প্রথমপর্বের প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তকারীদের দ্বিতীয়পর্বে ১৫,০০০ টাকা (স্থিরকৃত) হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে; দ্বিতীয়পর্ব সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত নির্দিষ্ট সময়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; উক্ত পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণদের গ্রামীণ ব্যাংক বেতন স্কেল (২০১৫) এর ৯ম গ্রেড ২২০০০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে **'সিনিয়র অফিসার'** পদে নিয়োগ দেয়া হবে। তাছাড়া গ্রামীণ ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। যারা প্রশিক্ষণে অকৃতকার্য হবেন তাদেরকে শিক্ষানবিস অফিসার পদের চাকরি থেকে অব্যাহতি দেয়া হবে।<br>খ) নিয়োগ প্রাপ্ত **শিক্ষানবিস কেন্দ্র ব্যবস্থাপকগণ** গ্রামীণ ব্যাংক প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় এক বছর (২টি পর্ব) প্রশিক্ষণে থাকবেন। প্রথমপর্বে মাসিক ৯,০০০ টাকা (স্থিরকৃত) হারে এবং প্রথমপর্বের প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তকারীদের দ্বিতীয়পর্বে ১০,০০০ টাকা (স্থিরকৃত) হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে; দ্বিতীয়পর্ব সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত নির্দিষ্ট সময়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; উক্ত পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণদের গ্রামীণ ব্যাংক বেতন স্কেল (২০১৫) এর ১৫তম গ্রেড ৯৭০০-২৩৪৯০ টাকার বেতন স্কেলে **'কেন্দ্র ব্যবস্থাপক'** পদে নিয়োগ দেয়া হবে। তাছাড়া গ্রামীণ ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। যারা প্রশিক্ষণে অকৃতকার্য হবেন তাদেরকে শিক্ষানবিস কেন্দ্র ব্যবস্থাপক পদের চাকরি থেকে অব্যাহতি দেয়া হবে। |
| **অন্যান্য** | ত্রুটিমুক্ত আবেদনকারীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। গ্রামীণ ব্যাংক কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না-করার ক্ষেত্রে যে-কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। কোন ধরনের সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। |

বিভাগ প্রধান (ভারপ্রাপ্ত)
মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ